

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
আইসিটি সেল
১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ৩৬.০২.০০০০.০২৩.৯৯.০০৩.২০.৫৭

তারিখ: ৭ ভাদ্র ১৪২৮

২২ আগস্ট ২০২১

বিষয়: বিসিকের সকল আঞ্চলিক কার্যালয় ও তার অধীনস্থ সকল জেলা অফিসে অবিলম্বে ই-ফাইলিং কার্যক্রম চালুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিকের সকল আঞ্চলিক কার্যালয় ও তার অধীনস্থ সকল জেলা অফিসকে ই-ফাইলিং এর মাধ্যমে সকল দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করতে হবে। সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নির্দেশক্রমে দেশে করোনা উদ্ভূত বিশেষ পরিস্থিতিতে এবং করোনা পরবর্তী সময়েও সকল দাপ্তরিক কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। নির্দেশনা অনুযায়ী প্রধান কার্যালয়ের সকল কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে পরিচালিত হচ্ছে। এমতাবস্থায় জেলা পর্যায়ের কার্যক্রমে গতিশীলতা ও স্বচ্ছতা আনার লক্ষ্যে সকল অফিসকে দাপ্তরিক সকল কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করার অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, বর্তমানে ই-ফাইলিং লাইভ সিস্টেমে ৪টি আঞ্চলিক কার্যালয় ও ৫৭ টি জেলা অফিস যুক্ত আছে। বাকি ৭ জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ই-ফাইলিং সিস্টেমে নিজ জেলাকে অন্তর্ভুক্ত করতে নিজ জেলার জেলা প্রশাসকের কার্যালয়ে যোগাযোগ করবেন।

জেলা পর্যায়ের যে সকল কর্মকর্তা এখনো প্রশিক্ষণ পাননি তাদেরকে স্ব স্ব জেলার জেলা প্রশাসকের কার্যালয় থেকে অথবা নিজ জেলায় প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাগণের মাধ্যমে প্রশিক্ষণ গ্রহণ করবেন। আঞ্চলিক কার্যালয়ের প্রশিক্ষণ প্রাপ্ত (বেসিক ও এডমিন লেবেল) কর্মকর্তাগণ স্ব-স্ব অফিসে ও জেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে বেসিক লেবেলে এবং প্রত্যেক জেলা অফিসের একজনকে এডমিন লেবেলে প্রশিক্ষণ দেওয়ার জন্য ব্যবস্থা করবেন। তাছাড়া নথি ব্যবস্থাপনা ওয়েব সাইট (<https://nothi.gov.bd/login>) থেকেও বিস্তারিত তথ্য ও প্রক্রিয়া সম্পর্কে অবহিত হওয়া যেতে পারে। বিসিক আইসিটি সেল থেকেও শীঘ্রই প্রশিক্ষণের আয়োজন করা হবে।

ই-ফাইলিং সম্পর্কিত বিষয়ে বিসিক প্রধান কার্যালয়ের আইসিটি সেল প্রধান প্রকৌঃ মোঃ দেলোয়ার হোসেন (মোবাইলঃ ০১৭১৮২৪৩৫২৩, ই-মেইলঃ ictcell@bscic.gov.bd) ও সম্প্রসারণ কর্মকর্তা এস.এম. খালেদ-উল বাসার (মোবাইল: ০১৭১৪৭৬৭২১৭, ই-মেইল: shohag.iceiu@gmail.com) এর সাথে প্রয়োজনে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, জেলা অফিস গুলোর ই-ফাইলিং লাইভ সার্ভারের আডমিন প্যারসোনেলের বিস্তারিত তথ্য সংযুক্ত (ই-ফাইলিং লাইভে থাকা অফিস লিস্ট) করা হলো যা অনেক পূর্বেই জেলা প্রশাসকের অফিস সম্পন্ন করেছে।

বিষয়টি অতিব জরুরী।

২২-৮-২০২১

মোঃ মোশতাক হাসান এনডিসি

চেয়ারম্যান

ফোন: ৯৫৬৫৬১২

ইমেইল: chairman@bscic.gov.bd

বিতরণ :

- ১) আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয়, ঢাকা,
চট্টগ্রাম, রাজশাহী, খুলনা
- ২) শিসকে প্রধান, শিল্প সহায়ক কেন্দ্র, সকল

স্মারক নম্বর: ৩৬.০২.০০০০.০২৩.৯৯.০০৩.২০.৫৭/১(৫)

তারিখ: ৭ ভাদ্র ১৪২৮
২২ আগস্ট ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (অর্থ), পরিচালক (অর্থ)-এর দপ্তর, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
- ২) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)-এর দপ্তর, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
- ৩) পরিচালক (প্রকল্প), পরিচালক (প্রকল্প)-এর দপ্তর, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
- ৪) পরিচালক (উন্নয়ন ও সম্প্রসারণ), পরিচালক (শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ)-এর দপ্তর, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
- ৫) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

২২-৮-২০২১

প্রকৌঃ মোঃ দেলোয়ার হোসেন

সহকারী মহা-ব্যবস্থাপক (আইসিটি সেল প্রধান)